



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-৩৫/২০১৬

তারিখ : ২০/০৬/২০১৬

**নিয়োগ বিজ্ঞপ্তি**

অগ্রণী ব্যাংক লিমিটেড-এ ‘অফিসার (ক্যাশ)’ এর ২৭৬ (দুইশত ছিয়াত্তর)টি শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আগামী ২১/০৬/২০১৬ তারিখ থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

০১.	বেতন স্কেল	:	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।										
০২.	শিক্ষাগত যোগ্যতা	:	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ সহ) স্নাতক ডিগ্রী; খ) শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট গ্রহণযোগ্য হবে না। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ										
			(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-										
			<table border="1"> <tr> <td>জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব</td> <td>প্রথম বিভাগ</td> </tr> <tr> <td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td> <td>দ্বিতীয় বিভাগ</td> </tr> <tr> <td>জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম</td> <td>তৃতীয় বিভাগ</td> </tr> </table>	জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ	জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ	জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ				
জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ												
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ												
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ												
			(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-										
			<table border="1"> <tr> <td>অর্জিত সিজিপিএ</td> <td>সমতুল্য শ্রেণি/বিভাগ</td> </tr> <tr> <td>৪.০০ পয়েন্ট স্কেলে</td> <td>৫.০০ পয়েন্ট স্কেলে</td> </tr> <tr> <td>৩.০০ বা তদূর্ধ্ব</td> <td>৩.৭৫ বা তদূর্ধ্ব</td> </tr> <tr> <td>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td> <td>২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td> </tr> <tr> <td>১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম</td> <td>২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম</td> </tr> </table>	অর্জিত সিজিপিএ	সমতুল্য শ্রেণি/বিভাগ	৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম
অর্জিত সিজিপিএ	সমতুল্য শ্রেণি/বিভাগ												
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে												
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব												
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম												
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম												

০৩. বয়স (০১/০৩/২০১৬ তারিখে): (ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

(খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

০৪. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২১/০৬/২০১৬ তারিখ হতে ১১/০৭/২০১৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট ([www.erecruitment.bb.org.bd](http://www.erecruitment.bb.org.bd))-এর Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৫. ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০৬. Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

০৭. দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০৮. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

০৯. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৮নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

১০. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১১. প্রার্থীদের এম.সি.কিউ, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৪. অগ্রণী ব্যাংক লিমিটেড প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত

(লাইলা বিলকিস আরা)

মহাব্যবস্থাপক

ও

সদস্য-সচিব, বিএসসি